

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৩.১৬.২১১

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৪

২০ জুন ২০১৭


বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যপরিধি নির্ধারণ সংক্রান্ত।

সরকার ২০১২ সালে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রচারের লক্ষ্যে “সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল” প্রণয়ন করেছে। ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। নৈতিকতা কমিটির সদস্য-সচিব ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করছেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যক্রম আরও সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপরিধি নির্ধারণ করা হল:

কার্যপরিধি:

- (ক) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে শুদ্ধাচার কার্যক্রমের সমন্বয় সাধন;
- (খ) সুশাসন প্রতিষ্ঠায় অন্যতম বাধা হিসাবে বিদ্যমান চ্যালেঞ্জ/দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ;
- (গ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অন্যান্য প্রাসঙ্গিক বিষয় চিহ্নিতকরণ;
- (ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত এবং সময়মত পরিবীক্ষণ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ;
- (ঙ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের বা আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বিদ্যমান কার্যপদ্ধতির ত্রুটি/বিচ্যুতি চিহ্নিতকরণ ও প্রয়োজনীয় সংশোধন আনয়নের উদ্যোগ গ্রহণ;
- (চ) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/কার্যালয়ের উত্তম চর্চা (Best Practice) চিহ্নিতকরণ, অনুসরণ এবং বহল প্রচার ও প্রসারের উদ্যোগ গ্রহণ;
- (ছ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মাঝে দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ;
- (জ) দুর্নীতি সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তা দুর্নীতি দমন কমিশনসহ যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ; এবং
- (ঝ) নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন, সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ সিদ্ধান্ত বাস্তবায়নে ত্বরিত ব্যবস্থা গ্রহণ; এবং
- (ঞ) সরকার এবং নৈতিকতা কমিটি কর্তৃক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন।

২। এমতাবস্থায়, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে কার্যপরিধিতে স্তম্ভিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের নিমিত্ত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


২০ জুন ২০১৭
(খন্দকার সাদিয়া আরাফিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯

ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব

-----মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি (অবগতির জন্য):

- ১। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।